

বিচারিক নীতিমালা

ক্রমিক নং	নীতিমালা
১।	বিচারককে বিচার বিভাগের মর্যাদা এবং স্বাধীনতা বজায় রাখার জন্য অবশ্যই উন্নত চরিত্রের অধিকারী হতে হবে।
২।	একজন বিচারককে দেশের সংবিধান এবং রাষ্ট্র কর্তৃক প্রণীত আইনের প্রতি সর্বোচ্চ সম্মান প্রদর্শন করতে হবে।
৩।	বিচারক তার পরিবার পরিজনদের তার নিজস্ব আচরনে এবং রায়ে প্রভাব ফেলা হতে বিরত রাখবে।
৪।	একজন বিচারক অন্য কারও ব্যক্তিগত স্বার্থসিদ্ধির জন্য তার নিজের পরিচয় এবং ক্ষমতার অপব্যবহার করবেন না।
৫।	বিচারককে ভয় ভীতির উর্ধ্বে উঠে বিচারকার্য সম্পাদন করতে হবে।
৬।	একজন জনগনের সমালোচনার সম্মুখীন হতে হয় এমন আচরন হতে বিরত থাকবে এবং সর্বদা এমনভাবে কাজ করবে যাতে বিচারবিভাগের প্রতি জনগনের আস্থা বজায় থাকে।
৭।	বিচারককে আইনজীবী, বিচারপ্রার্থী জনগন এবং আদালত সহায়ক কর্মচারীদের প্রতি ঋণাত্মক হতে হবে এবং সম্মানজনক আচরন প্রদর্শন করতে হবে।
৮।	একজন বিচারক মামলা সম্পর্কে জনসমক্ষে কোন মামলা সম্পর্কে মন্তব্য করা হতে বিরত থাকবে।
৯।	বিচারকরা এমন কোনো সংগঠনের সদস্য হবে না যা ধর্ম, বর্ণ, লিঙ্গ ভেদাভেদের কারণে গঠিত হয় এবং রাজনৈতিক সংগঠনের সদস্য হওয়া থেকে বিরত থাকবে।
১০।	একজন বিচারককে তার বিচারিক কার্যাবলী বিশেষতঃ তার নিকট থাকা রায় স্বচ্ছতার এবং অতি দ্রুততার সাথে প্রদান করতে হবে।
১১।	বিচারক তার প্রতি অর্পিত দায়িত্ব পক্ষপাতহীন ভাবে, ন্যায্যনিষ্ঠভাবে এবং যথাযথভাবে সম্পাদন করতে হবে।

১২।	একজন বিচারক তার পরিবার পরিজন ব্যতীত অন্য কারও নিকট হতে কোনো প্রকারের উপহার সামগ্রী গ্রহন করবে না এবং তার অফিসের কর্মচারীদের উক্ত কাজ হতে বিরত রাখবে।
১৩।	একজন বিচারক এমন কোন মামলার বিচার করবে না যে মামলাতে সে পূর্বে কৌশলী হিসেবে নিযুক্ত ছিলো অথবা যে মামলার ঘটনা সে নিজে প্রত্যক্ষ করেছে অথবা যে মামলাতে তার নিরপেক্ষতা প্রশ্নবিদ্ধ হয়।
১৪।	কোন বিচারক তার নিজের, তার পরিবারের সদস্যদের, আত্মীয় বা বন্ধুদের স্বার্থ সংশ্লিষ্ট মামলার বিচার নিজে করবে না।
১৫।	একজন আপীল আদালতের বিচারক তার নিজের প্রদত্ত রায়ের বিরুদ্ধে দায়েরকৃত মামলার আপীল শুনানী করবে না।
১৬।	বারের কোন আইনজীবির সাথে ব্যক্তিগত মেলামেশা থেকে বিরত থাকতে হবে।
১৭।	একজন বিচারক তার পরিবারের কোন সদস্যকে তার আদালতে মামলা পরিচালনা হতে বিরত রাখবে।
১৮।	বারের কোন সদস্য বিচারকের বাসভবন ব্যবহার করা হতে বিরত থাকবে এবং বিচারকের কোন সুযোগ সুবিধা ব্যবহার করা হতে বিরত থাকবে।
১৯।	একজন বিচারক মিডিয়ার কাছে কোন সাক্ষাৎকার প্রদান করবে না।
২০।	একজন বিচারক বিচারকের পদে আসীন থাকাকালীন মামলা পরিচালনা করবে না।
২১।	একজন বিচারক কোন ব্যবসা-বাণিজ্য সম্পাদন করবে না।